21

দৈনিক ইত্তেফাক

তারিখ 26 FEB 1995
পৃষ্ঠা 12 কলাম 6

# নিরক্ষরতা দূরীকরণে সমন্বিত কর্মসূচী গ্রহণের আহ্বান

ইত্তেফাক রিপোর্ট ॥ শিক্ষা কার্যক্রম সম্পন্ন বেসরকারী উন্নয়ন সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক জোট 'গণসাক্ষরতা অভিযান' গতকাল (শনিবার) জাতীয় প্রেস ক্লাবে এক সাংবাদিক সম্মেলনে দেশ হইতে নিরক্ষরতা দূর করার জন্য জাতীয় পর্যায়ে একটি সমন্বিত শিক্ষা কর্মসূচী গ্রহণের আহ্বান জানাইয়াছে।

গণসাক্ষরতা অভিযানের পরিচালক আবদুল্লাহ আল মুতী শরফুদ্দিন এই সাংবাদিক সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন। ডঃ মাহমুদ হাসান, আজিজুল হক, হাবিবুর রহমান, নিশাত জাহান প্রমুখ সাংবাদিক সম্মেলনে বক্তব্য রাখেন। সাংবাদিক সম্মেলনে বলা হয়, শিক্ষাক্ষেত্রে ১ম শ্রেণী হইতে পঞ্চম শ্রেণী পর্যন্ত শতকরা ৫০ ভাগ ছাত্র-ছাত্রী ঝরিয়া পড়ে। দুই হাজার সালের মধ্যে সবার জন্য শিক্ষা বাস্তবায়ন কর্মসূচী সফল করিয়া তোলার জন্য সরকার, রাজনৈতিক দল, বেসরকারী উন্নয়ন প্রতিষ্ঠান ও অন্যান্য সকল ক্ষেত্রের কার্যকর প্রতিনিধির অংশগ্রহণে একটি জাতীয় কাঠামো তৈরীর উদ্যোগ গ্রহণ করার জন্য সাংবাদিক সম্মেলনে আহ্বান জানানো হয়।